দৈনিক জনকণ্ঠ

তারিখ ..27. APR 1995

পৃষ্ঠা ২ কলাম ২

12

# বেসরকারী শিক্ষকরা নিজ হিসাব নম্বরে অনুদান তুলতে পারবেন

সরকার রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ও স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা শিক্ষকগণকে স্থানীয় ব্যাংকে তাঁদের নিজ নিজ হিসাব নম্বরের মাধ্যমে অনুদান প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। নব প্রবর্তিত এ প্রক্রিয়ায় শিক্ষকগণ সহজে ব্যাংক থেকে অনুদানের অর্থ উত্তোলন করতে পারবেন।

এ ইউনিটে ইতোমধ্যে চার শতাধিক থানা হতে হিসাব নম্বর পাওয়া গেছে, তাদের অনুকূলে অনুদানের অর্থ প্রেরণ করা হচ্ছে। আগামী ৩০ এপ্রিল '৯৫ পর্যন্ত যে সব থানা হতে হিসাব নম্বর যথাযথভাবে পাওয়া যাবে সে সব হিসাব নম্বরে অনুদানের অর্থ প্রেরণের ব্যবস্থা নেয়া হয়েছে যাতে শিক্ষকগণ আগামী ঈদ-উল-আযহার পূর্বেই টাকা উত্তোলন করতে পারেন। খবর সরকারী তথ্য বিবরণীর।